

প্রথম আনন্দ

পরীক্ষা

এসএসসির ব্যবহারিক পরীক্ষার জরুরি নির্দেশনা

প্রথম আলো ডেক্স



ফাইল ছবি : বাসস

চলতি বছরের এসএসসির ব্যবহারিক পরীক্ষা শুরু হবে আগামী সোমবার থেকে চলতি বছরের এসএসসির ব্যবহারিক পরীক্ষা শুরু হবে। ব্যবহারিক পরীক্ষা নেওয়ার জন্য পরীক্ষকদের প্রতি জরুরি নির্দেশনা জারি করেছে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকার ওয়েবসাইটে দেওয়া এক বিজ্ঞপ্তিতে এই নির্দেশনা জারি করা হয়।

বিজ্ঞাপন

বিষয়ভিত্তিক নির্দেশনাগুলো হলো—

By using this site, you agree to our Privacy Policy. [OK](#)

উচ্চতর গণিত

লটারির মাধ্যমে পরীক্ষার্থীদের মধ্যে পরীক্ষণ বণ্টন করতে হবে। প্রত্যেক পরীক্ষার্থীকে দুটি পরীক্ষণ করতে হবে। প্রত্যেক পরীক্ষার্থী পরীক্ষণের জন্য সর্বাধিক দুইবার লটারির সুযোগ পাবেন।

উচ্চতর গণিত পরীক্ষায় পরিকল্পনা প্রণয়নে নম্বর ২, সঠিক প্রক্রিয়া অনুসরণে ৩ নম্বর, লেখচিত্র অঙ্কন ও উপাত্ত বিশ্লেষণে ৩ নম্বর, ব্যাখ্যাসহ ফল উপস্থাপনে ২ নম্বর থাকবে। আর মৌখিক অভিক্ষায় মৌখিক প্রশ্ন পাঠ্যসূচির মধ্যে হবে। পরীক্ষণের ওপর ও প্রশ্ন করা যাবে। এতে থাকবে ৫ নম্বর

কৃষি শিক্ষা

দুই ঘণ্টার কৃষি শিক্ষার ব্যবহারিক পরীক্ষার পূর্ণমান ২৫। পরীক্ষার্থীদের যেকোনো একটি পরীক্ষণ সম্পন্ন করতে হবে। এতে থাকবে ১৫ নম্বর। আর ব্যবহারিক খাতায় ৫ নম্বর ও মৌখিক পরীক্ষায় ৫ নম্বর থাকবে।

পদার্থবিজ্ঞান

পদার্থবিজ্ঞানে দুই ঘণ্টার ব্যবহারিক পরীক্ষার পূর্ণমান ২৫। লটারির মাধ্যমে পরীক্ষার্থীদের মধ্যে পরীক্ষণ বণ্টন করতে হবে। পরীক্ষার্থীকে যেকোনো একটি পরীক্ষণ করতে হবে। প্রত্যেক পরীক্ষার্থী পরীক্ষণের জন্য সর্বাধিক দুইবার লটারির সুযোগ পাবেন।

পরীক্ষায় তত্ত্বে ৩ নম্বর, তথ্য সংগ্রহ, ছক ও প্রয়োজনীয় চিত্রে ৬ নম্বর, হিসেবে ৩ নম্বর, ফলাফলে ১ নম্বর ও সতর্কতায় ২ নম্বর থাকবে। আর ব্যবহারিক নোটবুকে ৫ নম্বর এবং মৌখিক পরীক্ষার নম্বর হবে ৫। এতে পরীক্ষকরা পরীক্ষার্থীর পরীক্ষণের ওপর জ্ঞান যাচাইয়ে প্রাধান্য দেবেন। তবে, পাঠ্যসূচির অন্তর্ভুক্ত যেকোনো প্রশ্ন করা যাবে।

রসায়ন

রসায়নে দুই ঘণ্টার ব্যবহারিক পরীক্ষার পূর্ণমান ২৫। লটারির মাধ্যমে পরীক্ষার্থীদের মধ্যে পরীক্ষণ বণ্টন করতে হবে। পরীক্ষার্থীকে যেকোনো একটি পরীক্ষণ করতে হবে। প্রত্যেক পরীক্ষার্থী পরীক্ষণের জন্য সর্বাধিক দুইবার লটারির সুযোগ পাবেন।

পরীক্ষায় এতে প্রয়োজনীয় যন্ত্রপাতি, রাসায়নিক দ্রব্যাদির নাম ও তত্ত্বে ৩ নম্বর; যন্ত্রপাতি সাজানো, যথাযথ ব্যবহার ও কার্যপ্রণালীর জন্য ৪ নম্বর; ধর্ম পরীক্ষা ও ফল লিখনে ৬ নম্বর এবং পরীক্ষার পরিচ্ছন্নতা ও সতর্কতার জন্য ২ নম্বর থাকবে। ব্যবহারিক নোটবুকে কাজের পরিমাপ, পরিচ্ছন্নতা ও শিক্ষকের নিয়মিত স্বাক্ষরের ওপর ভিত্তি করে নম্বর দিতে হবে। নোটবুকে নম্বর হবে ৫ ও মৌখিক পরীক্ষা হবে ৫ নম্বরে। মৌখিক পরীক্ষার পরীক্ষকেরা পরীক্ষণের ওপর জ্ঞান যাচাইয়ে প্রাধান্য দেবেন। তবে পাঠ্যসূচির অন্তর্গত যেকোনো প্রশ্ন জিজ্ঞেস করা যাবে।

কীরিম্বনাম

জীববিজ্ঞান বিষয়ের দুই ঘণ্টার ব্যবহারিক পরীক্ষায় পূর্ণমান হবে ২৫ নম্বর। লটারির মাধ্যমে পরীক্ষার্থীদের যেকোনো একটি প্রশ্নের উত্তর দিতে হবে। এতে পরীক্ষণের নামে ১ নম্বর, উপকরণ বা যন্ত্রপাতি ১ নম্বর, কার্যপদ্ধতি ও প্রদর্শনে ৩ নম্বর, চিরাক্ষনে ৩ নম্বর, চির চিহ্নিতকরণে ২ নম্বর, পর্যবেক্ষণে ২ নম্বর, সিদ্ধান্তে ২ নম্বর এবং সতর্কতায় ১ নম্বর থাকবে। এ ছাড়া উপস্থাপনকৃত পরীক্ষণটির ফল ব্যাখ্যায় ৪ নম্বর, মৌখিক পরীক্ষা ৪ নম্বর এবং ব্যবহারিক খাতা ও শিটে ২ নম্বর থাকবে।

চারু ও কারুকলা

চারু ও কারুকলার ব্যবহারিক পরীক্ষায় পরীক্ষার্থী দৃশ্য ও নকশা অঙ্কনের জন্য প্রয়োজনীয় রং (জল রং ছাড়া) জ্যামিতি বক্স, স্কেল, পেনসিল, ইরেজার ইত্যাদি নিজে নিয়ে আসবে। হল কর্তৃপক্ষ ব্যবহারিক উত্তরপত্র সরবরাহ করবেন। পরীক্ষার্থীরা ওই ব্যবহারিক উত্তরপত্রে দৃশ্য ও নকশা অঙ্কন করবে।

সংগীত

সংগীত বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় পরীক্ষকেরা প্রশ্নপত্র অনুযায়ী পরীক্ষা গ্রহণ করবেন। পরীক্ষার্থীর গায়নরীতি, সুর, তাল, লয়, উচ্চারণ ও বাণীর প্রতি লক্ষ্য রেখে নম্বর দেবেন।

গার্হস্থ্যবিজ্ঞান

দুই ঘণ্টার গার্হস্থ্যবিজ্ঞান ব্যবহারিক পরীক্ষার পূর্ণমান ২৫। পরীক্ষায় প্রয়োজনীয় উপকরণ কলম, পেনসিল, স্কেল, রাবার, বোর্ড, পেপার ও আলপিন আনতে হবে। এ ছাড়া প্রয়োজনীয় উপকরণ হিসেবে ডিম, দুধ, চিনি, ভ্যানিলা ও এসেস আনতে হবে।

এই [লিংকে](#) নির্দেশনাবলি দেখা যাবে।



 prothomalo.com

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ত্ব © ২০২২ প্রথম আলো